ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*****

স-২৫৭৫

আগরতলা,২৮ আগস্ট,২০২৫

**জাতীয় ক্রীড়া দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠান উদযাপন উপলক্ষ্যে আগামীকাল থেকে ৩ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি শুরু : সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী**

জাতীয় ক্রীড়া দিবসের রাজ্যভিত্তিক অনুষ্ঠান উদযাপন উপলক্ষ্যে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে ২৯ আগস্ট থেকে ৩ দিনব্যাপী বিভিন্ন কর্মসূচি হাতে নেওয়া হয়েছে। আগামী ৩১ আগস্ট পর্যন্ত এই কর্মসূচি চলবে। আজ সচিবালয়ের প্রেস কনফারেন্স হলে আয়োজিত এক সাংবাদিক সম্মেলনে একথা জানান যুব বিষয়ক ও ক্রীড়ামন্ত্রী টিংকু রায়।

সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী জানান, ২৯ আগস্ট সকালে আগরতলা টাউনহলে রাজ্যভিত্তিক জাতীয় ক্রীড়া দিবস উদযাপন অনুষ্ঠান অনুষ্ঠিত হবে। এতে রাজ্যের প্রতিভাবান খেলোয়াড়দের সংবর্ধিত করা হবে। তাছাড়া রাজ্যের সমস্ত জেলা ও মহকুমায় এ দিবসটি যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। ঊনকোটি, নীরমহল এবং উজ্জয়ন্ত প্রাসাদ এই তিনটি আইকনিক স্থানে সকাল ৭টায় যোগা প্রদর্শনী অনুষ্ঠিত হবে। ৩০ আগস্ট বিকালে বাধারঘাটস্থিত দশরথ দেব স্টেট স্পোর্টস কমপ্লেক্সে অ্যাথলেটিক্স, সাঁতার, জুডো, ব্যাডমিন্টন, হকি, ফুটবল, ভলিবল, জিমন্যাস্টিক, টেনিস ও কাবাডি প্রতিযোগিতার আয়োজন করা হবে। এই অনুষ্ঠানে অতিথি হিসেবে উপস্থিত থাকবেন মুখ্যমন্ত্রী প্রফেসর (ডা.) মানিক সাহা। এদিনই রাজ্যের প্রতিটি জেলা ও মহকুমায় যথাক্রমে ৩টি ও ২টি ক্রীড়া বিভাগে প্রতিযোগিতা অনুষ্ঠিত হবে। ৩১ আগস্ট রাজ্যের সবগুলি মহকুমা, জেলা ও রাজ্যস্তরে সানডে অন সাইকেল কর্মসূচি অনুষ্ঠিত হবে। আগরতলায় রাজ্যস্তরীয় এই কর্মসূচি উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণ থেকে শুরু হয়ে সার্কিট হাউস হয়ে উজ্জয়ন্ত প্রাসাদ প্রাঙ্গণে ফিরে আসবে।

সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী টিংকু রায় আরও জানান, এই কর্মসূচিতে রাজ্যের সকল শিক্ষা প্রতিষ্ঠান সহ বিভিন্ন সামাজিক সংগঠনের সদস্যদের কমপক্ষে ১ ঘন্টা খেলাধুলার মধ্য দিয়ে অতিবাহিত করার জন্য অনুরোধ জানানো হয়েছে। তাছাড়া কর্মসূচিগুলিতে মুখ্যমন্ত্রী ক্রীড়া উন্নয়ন প্রকল্প ও মুখ্যমন্ত্রী ক্রীড়া প্রতিভা অন্বেষণ প্রকল্পের মাধ্যমে প্রতিভাবান খেলোয়াড়দের ব্যক্তিগত এবং দলগত বিভাগে সংবর্ধনা দেওয়া হবে। ত্রিপুরা স্কুল স্পোর্টস বোর্ড এবং ত্রিপুরা ক্রীড়া পর্ষদের অধীনে মোট ৩৯ জন খেলোয়াড়কেও পুরস্কার প্রদান করা হবে বলে সাংবাদিক সম্মেলনে ক্রীড়ামন্ত্রী জানান। সাংবাদিক সম্মেলনে এছাড়াও উপস্থিত ছিলেন যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সচিব ড. পি. কে. চক্রবর্তী এবং অধিকর্তা এল. ডার্লং।

*****